

খোলা চিঠি

প্রিয় সূবর্ন আইজ্যাক,

সংকীর্ণতার উপরে যে জীবন, সেটাই তোমার জীবন। মানবতার যে গান সেই গানই মানুষের গান, মাটির গান। এখানে সুর গুলো হৃদয়ের কোমল সুরে বাঁধা। এখানে নেই কোন পংকিলতার ঝড়। কেন থাকবে?



থাকবে না এ কারণে যে শত্রু হোক মিত্র হোক সবাইকে নিয়ে ভালোবাসার সাতটি তারের সুর বাজবে একটি মাত্র সুরে। আর সেই

সুর ভালোবাসার সুর। ঝড় আসবে আসুক। মানবতার গান কোন ঝড়কে কখনো ভয় পায়নি। পেতে পারে না।

আমাদের স্বপ্ন দেখার সীমারেখা আস্তে আস্তে কমে যাচ্ছে। এ নতুন কিছু নয়। অতীতেও ছিল, বর্তমানে আছে, ভবিষ্যতেও থাকবে।

প্রিয় জিনিসগুলো এমনই হয় কখনোই থাকতে চায় না। তবু সব ভুলে সামনে এগোতে হয়। যদিও তা মোটেই সহজ নয়।

নিন্দুকেরা তো নিন্দা করবেই তবু আজ চারিদিকে ভালোবাসার জয়জয়কার। চোখের জলে সেই মূল্য একদিন দেবে সবাই।

ভালো থেকে আর মনে রেখ মনের বিশালত্ব কে কখনোই কোন সীমারেখায় বন্দি করা যাবে না। এতে মন সংকীর্ণ হয়ে পরে। সংকীর্ণ মন আর যাই পারুক মানুষকে স্বপ্ন দেখাতে পারে না। আমি জানি তুমি তোমার স্বপ্নকে ছড়িয়ে দেবে সীমাহীন বিশালতায়। এ আশায় এ খোলা চিঠি লেখা।

তোমারই,

মির্জা নাহিদ হোসেন।

উৎসর্গ: রাশেদুল বারী।